# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই সময়ে প্রথম সালাত আদায় করা মুস্তাহাব

ذِكْرُ الْوَقْتِ الَّذِي يُستحب فِيهِ أَدَاءُ صَلَاةِ الأولى

আরবী

1501 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عُلَيَّةَ عَنْ عَوْفٍ قَالَ: حَدَّثَنِي أَبُو الْمِنْهَالِ قَالَ: انْطَلَقَ أَبِي وَانْطَلَقْتُ مَعَهُ فَدَخَلْنَا عَلَى أَبِي بَرْزَةَ فَقَالَ لَهُ أَبِي: حَدِّثْنَا كَيْفَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي الْمَكْتُوبَةَ؟ قَالَ: كَانَ يُصَلِّي الْهَجِيرَ الَّتِي تَدْعُونَهَا الْأُولَى حِينَ تَدْحَضُ الشَّمْسُ وَيُصَلِّي الْعَصْرَ ثُمَّ يَرْجِعُ أَحَدُنَا إِلَى رَحْلِهِ فِي أَقْصَى الْمَدِينَةِ قَالَ: وَنَسِيتُ مَا قَالَ فِي الْمَغْرِبِ قَالَ: وَكَانَ يَسْتَحِبُّ أَنْ يُؤَخِّرَ الْعِشَاءَ الَّتِي تَدْعُونَهَا الْعَتَمَةَ وَكَانَ يَكْرَهُ النَّوْمَ قَبْلَهَا وَالْحَدِيثَ بَعْدَهَا وَكَانَ يَنْفَتِلُ مِنْ صَلَاةِ الْغَدَاةِ حِينَ يَعْرِفُ الرَّجُلُ جَلِيسَهُ وَكَانَ يَقْرَأُ بِالسِّتِّينَ إِلَى المئة
الراوي : أَبُو الْمِنْهَالِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1501 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح أبي داود)) (427)

বাংলা

১৫০১. আবূ মিনহাল রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি এবং আমার বাবা আবূ বারযাহ (রাদ্বিয়াল্লাহু আনহু)'র কাছে যাই। তখন আমার বাবা তাকে জিজ্ঞেস করেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিভাবে ফরয সালাত আদায় করতেন?” জবাবে তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যোহর সালাত আদায় করেন, যখন সূর্য পশ্চিমাকাশে ঢলে যায়। তিনি আসরের সালাত আদায় করেন, এরপর আমাদের কেউ কেউ মদীনার শেষ প্রান্তে ফিরে যেতেন। রাবী বলেন, “তিনি মাগরিবের ব্যাপারে কী বলেছেন, তা আমি ভুলে গেছি।” তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইশার সালাত বিলম্বে আদায় করতে ভালবাসতেন। যেই সালাতকে আতামাহ হিসেবে অভিহিত করে থাকো। তিনি ইশার আগে ঘুমানো আর ইশার পর

গল্প-গুজব করা অপছন্দ করতেন। তিনি ফজরের সালাত শেষ করতেন, যখন ব্যক্তি তার পাশের সঙ্গীকে চিনতে পারতেন। তিনি এই সালাতে ষাট থেকে একশত আয়াত পড়তেন।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩১৮; তিরমিযী: ১৬৮; মুসনাদ আহমাদ: ৪/৪২০; সহীহ আল বুখারী: ৫৪৭; নাসাঈ: ১/২৬২; দারেমী: ১/২৯৮; ইবনু মাজাহ: ৬৭৪; শারহু মা‘আনিল আসার: ১/১৭৮; সুনান বাইহাকী: ১/৪৫০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৫০; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৪৬; আত তায়ালিসী: ৯২০; সহীহ মুসলিম: ৬৪৭; আবূ দাঊদ: ৩৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৪২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মিনহাল (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90816

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন